



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-০৩/২০১৯

তারিখ : ১৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ  
৩০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রীষ্টাব্দ

সকল নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান  
এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ

প্রিয় মহোদয়,

অগ্রদূতপ্রানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক  
এবং আইসিটি প্রকল্প স্থাপনের লক্ষ্যে ইএসএফ ঋণ গ্রহণের নিমিত্তে **EOI** দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ২৮ মার্চ, ২০১৯ খ্রীষ্টাব্দ/১৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার লেটার নং-  
০১/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইএসএফ অংশীজনদের স্বার্থ সংরক্ষণার্থে বাস্তবতার নিরিখে উক্ত সার্কুলার লেটার এ ইএসএফ নীতিমালা, ২০১৮ এর  
অনুচ্ছেদ নং-২২.৩(ক) এর আলোকে প্রকল্প ভূমি/জমির মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনায় নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হলো :

অনুচ্ছেদ নং	বিদ্যমান নির্দেশনা	সংশোধিত নির্দেশনা
২২.৩ (ক)	.....খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত মৌজা রেট (পার্বত্য অঞ্চলে মৌজা রেট না থাকায় প্রচলিত নীতিমালা অনুযায়ী প্রকল্প ভূমির মূল্য) বা আইসিবিতে বিদ্যমান কৃষি ভিত্তিক প্রকল্প মূল্যায়ন কমিটি ও মঞ্জুরী বোর্ড কর্তৃক নির্ণেয় মোট প্রকল্প ব্যয়ের ৩০% এর মধ্যে যেটি কম সেটি বিবেচিত হবে।	.....খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতের যন্ত্রপাতি নির্ভর প্রকল্পের ভূমি/জমি মূল্যায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত মৌজারেট (পার্বত্য অঞ্চলে মৌজা রেট না থাকায় প্রচলিত নীতিমালা অনুযায়ী প্রকল্প ভূমির মূল্য) বা আইসিবিতে বিদ্যমান কৃষি বিষয়ক প্রকল্প মূল্যায়ন কমিটি ও মঞ্জুরী বোর্ড কর্তৃক নির্ণেয় মোট প্রকল্প ব্যয়ের ১৫% এবং যন্ত্রপাতি নির্ভর প্রকল্প ব্যতিরেকে অন্যান্য প্রকল্পের জন্য ৩০% এর মধ্যে যেটি কম সেটি বিবেচিত হবে।

২৮ মার্চ, ২০১৯ তারিখের সার্কুলার লেটার নং-০১/২০১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোন : ৯৫৩০২১২

E-mail : [parimal.chakraborty@bb.org.bd](mailto:parimal.chakraborty@bb.org.bd)

প্রতিলিপি নং: ইইএফ/১০/২০১৯-৭৯৪

তারিখ : উল্লিখিত।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কপি প্রদান করা হলো

১। ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি), ৮ রাজউক এভিনিউ, ঢাকা।

২। মহাব্যবস্থাপক, ইইএফ উইং, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি), এনএসসি টাওয়ার, ১৩-১৪ তলা, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০ (ওয়েব সাইট [www.eef.gov.bd/circulars](http://www.eef.gov.bd/circulars) তে আপলোডসহ সার্বিক ব্যবস্থাদি গ্রহণের নিমিত্তে)।

৩। মহাব্যবস্থাপক, আইএসডিএসডি, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার নিমিত্তে)।

(মোঃ রফিক উল্যা ভূঁইয়া)

যুগ্ম-পরিচালক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক